



পার্কভিউ মেডিকেল কলেজ

তালতলা, সিলেট।

ফোন : ০৮২১-৭২৮৮৭৮ মোবাইল : ০১৭৬৭৯৮৪১১৪ ওয়েবসাইট: www.parkviewmedicalcollege.com

২০২০-২০২১ইং শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে (৮ম ব্যাচ) ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিএমডিসি কর্তৃক অনুমোদিত এবং সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পার্কভিউ মেডিকেল কলেজ, সিলেট এ ২০২০-২০২১ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে (৮ম ব্যাচ) ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম চলছে। এমবিবিএস কোর্সে ভর্তির ক্ষেত্রে সর্বশেষ সকল সরকারী নির্দেশনা প্রযোজ্য হবে। অস্বাচ্ছল ও মেধাবী কোটার ভর্তি আবেদন ফরম বিনামূল্যে পাওয়া যাবে।

ভর্তির যোগ্যতাঃ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গৃহীত ০২/০৪/২০২১ ইং তারিখে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষায় যাদের টেস্ট স্কোর ৪০ বা তদুর্ধ্ব সে সমস্ত ছাত্র/ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ভর্তি ফরম বিতরণ ও জমাদানঃ ০৫/০৬/২০২১ইং থেকে ১৫/০৬/২০২১ ইং তারিখ পর্যন্ত সকাল ০৯.০০ টা থেকে বেলা ২.৩০ মিনিট পর্যন্ত কলেজ অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। এছাড়াও (admission.pmch.edu.bd উক্ত লিংক এ অনলাইনে ভর্তি আবেদন করা যাবে।)

সাধারণ কোটায় আবেদন ফিঃ নগদ ১০০০/- (একহাজার টাকা মাত্র)

নির্বাচিত ও অপেক্ষমান তালিকা প্রকাশঃ ১৯/০৬/২০২১ইং।

ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু ও শেষঃ ০১/০৭/২০২১ইং থেকে ১৫/০৭/২০২১ ইং তারিখ পর্যন্ত।
(অপেক্ষমান তালিকাসহ)

ক্লাস শুরুঃ ০১/০৮/২০২১ ইং।

ভর্তির সময় করণীয়

মেধা তালিকা অনুযায়ী সাধারণ কোটা, উপজাতি কোটা ও মুক্তিযোদ্ধা সন্তানদের কোটায় নির্বাচিত প্রার্থীদের উপরে উল্লেখিত তারিখ অনুসারে (সকাল ১০ ঘটিকা থেকে দুপুর ২ ঘটিকা) অত্র পার্কভিউ মেডিকেল কলেজের অফিসে সম্পূর্ণ ভর্তি ফি ও ইন্টারনশীপ ফি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হতে হবে।

ভর্তির সময় অবশ্যই সকল মূল সনদ পত্র (ট্রান্সক্রীপ্ট ও সার্টিফিকেট) এবং এমবিবিএস পরীক্ষার এডমিট কার্ড, স্টুডেন্ট কপি ,রেজাল্ট কপি, সহ নির্ধারিত ভর্তি ফি ব্যাংকের মাধ্যমে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার সঙ্গে আনতে হবে।

এই বিষয়ে বিস্তারিত জানতে হলে পার্কভিউ মেডিকেল কলেজ অফিসের মোবাইল নাম্বার-০১৭৬৭৯৮৪১১৪ তে অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯টা হইতে বেলা ০২.৩০ মিনিট পর্যন্ত) যোগাযোগ করা যাবে। স্বাস্থ্য পরীক্ষার তারিখ পরে জানানো হবে।

অধ্যাপক ডাঃ দিলীপ কুমার ভৌমিক

অধ্যক্ষ

পার্কভিউ মেডিকেল কলেজ, সিলেট।



পার্কভিউ মেডিকেল কলেজ

তালতলা, সিলেট।

পার্কভিউ মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির জন্য নির্বাচিতদের
ভর্তির সময় নিম্নে উল্লেখিত কাগজপত্র জমা দিতে হবেঃ-

- ১। এমবিবিএস পরীক্ষার প্রবেশ পত্র, স্টুডেন্ট কপি ও রেজাল্ট সিট (সব মূল কপি)।
- ২। এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মার্ক সিট (মূল কপি)।
- ৩। এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার সনদ পত্র (মূল কপি)।
- ৪। এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার প্রশংসা পত্র (মূল কপি)।
- ৫। ০৫ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।
(ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের প্রদত্ত ছবির অনুরূপ)

উপরে উল্লেখিত সকল কাগজপত্রের ০৩ (তিন) সেট (সত্যায়িত) ফটোকপি।

❖ ভর্তির সময় প্রদেয় ফি এর হিসাব নিম্নরূপ ঃ-

- ভর্তি ফি ১৬,২০,০০০/- (ষোল লক্ষ বিশ হাজার) টাকা , “প্রিন্সিপাল পার্কভিউ মেডিকেল কলেজ” নামে পে-অর্ডার করে কলেজের হিসাব বিভাগে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
(নগদ কোন টাকা গ্রহণ করা হবে না)
 - সকল ছাত্র/ছাত্রীদেরকে ভর্তির সময় ০১ (এক) মাসের অগ্রীম বেতন বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা কলেজ ক্যাশ কাউন্টারে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
 - ইন্টার্নশীপ ভাতা বাবদ ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা “পার্কভিউ মেডিকেল কলেজ ইন্টার্নশীপ ফান্ড” নামে পে-অর্ডার করে কলেজের হিসাব বিভাগে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। (নগদ কোন টাকা গ্রহণ করা হবে না)।
- * বিঃ দ্রঃ ইন্টার্নী ভাতার টাকা ইন্টার্নশীপ চলাকালীন সময়ে মাসিক হারে ছাত্র-ছাত্রীদের ফেরত প্রদান করা হবে।
- ভর্তির সময় সর্বমোট ১৮,০৮,০০০.০০ (আঠার লক্ষ আট হাজার) টাকা প্রদান করতে হবে।
 - পে-অর্ডার সমূহ হিসাব বিভাগে ও অগ্রীম ০১ মাসের বেতন কলেজ ক্যাশ কাউন্টারে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

(এমবিবিএস কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রণীত সকল নীতিমালা প্রযোজ্য হবে।)